

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৭৩

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯. প্রথম অনুচ্ছেদ - সালাতে সুতরাহ্ (সুতরা)

بَابُ السُّتْرَةِ

আরবী

وَعَن أَبِي جُحَيْفَةَ قَالَ: رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِمَكَّةَ وَهُوَ بِالْأَبْطَحِ فِي قُبَّهٍ حَمْرَاءَ مِنْ أَدَمٍ وَرَأَيْتُ بِلَالًا أَخَذَ وَضُوءَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَرَأَيْتُ النَّاسَ يَعْدرون ذَاكَ الْوَضُوءَ فَمَنْ أَصَابَ مِنْهُ شَيْئًا تَمَسَّحَ بِهِ وَمِن لَم يَصِب مِنْهُ شَيْئًا أَخَذَ مِنْ بَلَلِ يَدِ صَاحِبِهِ ثُمَّ رَأَيْتُ بِلَالًا أَخَذَ عَنَزَةً فَرَكَزَهَا وَخَرَجَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي حُلَّةٍ حَمْرَاءَ مُشَمِّرًا صَلَّى إِلَى الْعَنَزَةِ بِالنَّاسِ رَكْعَتَيْنِ وَرَأَيْتِ النَّاسِ وَالدَّوابِ يَمرونَ مِن بَين يَدِي العنزة

বাংলা

৭৭৩-[২] আবৃ জুহায়ফাহ্ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, আমি একবার মক্কার 'আবত্বাহ' নামক স্থানে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে একটি চামড়ার লাল তাঁবুতে দেখতে পেলাম। বিলালকে দেখলাম রসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর উযূ (ওযু/ওজু/অজু)-র পানি হাতে তুলে নিতে। আর (অন্যান্য) লোকেদেরকে দেখলাম উযূর অবশিষ্ট পানি নিবার জন্য কাড়াকাড়ি করছে। যারা তাঁর ব্যবহারের অবশিষ্ট উযূর পানি আনতে পেরেছে তারাই তা' বারাকাতের জন্যে সারা শরীর ও মুখমণ্ডল ে মাখছে। আর যারা উযূর পানি আনতে পারেনি তারা সঙ্গী সাথীদের (যারা পানি পেয়েছে) ভিজা হাত স্পর্শ করছে। এরপর আমি বিলালকে দেখলাম, হাতে একটি বর্শা নিল ও তা মাটিতে পুঁতে দিল। এ সময় রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বের হয়ে এলেন। কাপড়ের কিনারা সামলে লোকদেরকে নিয়ে দুই রাক্'আত সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করলেন। সে বর্শাটি তখন তাঁর সামনে ছিল। এ সময় মানুষ ও জন্তু-জানোয়ারকে দেখলাম বর্শার বাইরে দিয়ে যাতায়াত করছে। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট



[1] সহীহ : বুখারী ৩৭৬, মুসলিম ৫০৩, আবূ দাউদ ৫২০, সহীহ ইবনু খুয়াইমাহ্ ২৩৯৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: "বুৎহান" হলো মক্কা ও মদীনায় মধ্যবর্তী একটি স্থানের নাম। মিনার মাঠ থেকে বন্যা এসে এখানে থামে। এটা মক্কায় অনেকটা কাছাকাছি। সেখানে ছোট ছোট পাথর পাওয়া যায়।

এ হাদীস থেকে যে বিষয়টি প্রমাণিত হয় সেটি হচ্ছে ব্যবহৃত পানি পবিত্র এবং এটা নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে খাস নয়। আরো জানা গেল, সালাতের জামা আতে শুধু ইমামের সামনে সুতরাহ্ থাকাই যথেষ্ট। তাহলে এর সামনে দিয়ে যাতায়াতে সালাতের কোন ক্ষতি হয় না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন